

**U.G. 6th Semester Examination - 2022****BENGALI****Course Code: BBNGDSHT5 [DSE-5]****Course Title: ব্যবহারিক বাংলা ব্যাকরণ**

পূর্ণমান : 80

সময় : ২ ঘণ্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $1 \times 10 = 10$
- ক) নির্দেশক পদ কোন্ শ্রেণির বাকে ব্যবহৃত হয়? একটি উদাহরণ দাও।
  - খ) ‘বাঘে হরিণে একঘাটে জল খায়’ — কী জাতীয় কর্তা?
  - গ) ক্রিয়া বিশেষণ কাকে বলে? উদাহরণ দাও।
  - ঘ) নিমিত্ত কারকে - ‘কে’ বিভক্তির ব্যবহার দেখাও।
  - ঙ) অনুকার শব্দ কাকে বলে?
  - চ) কৃষ্ণ-অ প্রত্যয় নিষ্পত্তি একটি শব্দের উল্লেখ করো।
  - ছ) একটি যোগরূপ শব্দের উদাহরণ দাও।
  - জ) সংশ্যবাচক বাক্য কীভাবে চেনা যায়? একটি উদাহরণ দাও।
  - ঝ) ‘তুমি কথাটি কাউকে ব’লো না’, — অন্ত্যর্থক বাক্যে পরিণত করো।

- এও) ‘গায়ে হলুদ দেওয়া হয় যে অনুষ্ঠানে’ — পদগুলিকে সমাসবদ্ধ করো এবং সমাসের নাম লেখো।
- ট) প্রযোজক কর্তা কাকে বলে? একটি উদাহরণ দাও।
  - ঠ) ‘সাপের হাঁচি বেদেয় চেনে’ — নিম্নরেখাক্ষিত পদটির কারক বিভক্তি নির্ণয় করো।
  - ড) ‘দুরাবস্থা’ শব্দটি কেন অশুন্দ উল্লেখ করে শুন্দ রূপটি লেখো।
  - ঢ) একটি সমধাতুজ কর্মের উদাহরণ দাও।
  - ণ) ‘হিসেবে গুরমিল আছে’ — নিম্নরেখাক্ষিত বাক্যটির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো।
- ২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$
- ক) নাম বিশেষণ কাকে বলে? একটি উদাহরণ দাও।
  - খ) ‘অব্যয়’ শব্দটির আভিধানিক অর্থ কী? বাংলা ব্যাকরণ অনুসারে অব্যয় কয় প্রকার ও কী কী?
  - গ) দুটি বিদেশি উপসর্গ এবং অনুসর্গের উদাহরণ দাও।
  - ঘ) শব্দের অর্থ প্রকাশক শক্তিকে বৈয়াকরণগণ প্রধানত কয়টি ভাগে ভাগ করেছেন ও কী কী?
  - ঙ) কোন্ বাচ্যে ক্রিয়া কর্তার অনুগামী হয়? একটি উদাহরণ দাও।
  - চ) পূর্ব এবং উত্তর উভয়পদেরই প্রাধান্য থাকে এমন একটি সমাসের উদাহরণসহ নাম লেখো।
  - ছ) বিভক্তি ও অনুসর্গের দুটি পার্থক্য লেখো।
  - জ) ‘আমি জানি যে তোমরা আসবে’ — বাক্যটির গঠনবৈশিষ্ট্য বিশ্লেষণ করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 2 = 10$

- ক) অনুসর্গ কাকে বলে? বাংলা অনুসর্গ কত প্রকার ও কী কী?  
উদাহরণসহ যে কোনো একটি প্রকার বিবৃত করো।
- খ) বিভক্তির কাজ কী? উদাহরণসহ তির্যক বিভক্তির ব্যাখ্যা  
করো।
- গ) ব্যাকরণে প্রত্যয় বলতে কী বোঝায়? প্রত্যেক প্রকার প্রত্যয়ের  
সংজ্ঞা ও উদাহরণ দাও।  $2+3=5$

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 1 = 10$

- ক) বিশেষণ পদ কাকে বলে? বিশেষণ পদের শ্রেণিবিভাগ করে  
উদাহরণসহ আলোচনা করো।  $2+8=10$
- খ) গঠনগত দিক থেকে বাংলা বাক্যকে কয়টি শ্রেণিতে ভাগ  
করা হয় এবং ভাগগুলি কী কী? একটি শ্রেণির সংজ্ঞাসহ  
দুটি করে উদাহরণ দিয়ে তাদের গঠনবৈশিষ্ট্য বিশ্লেষণ করো।  
 $1+1+8=10$
- গ) বহুবীহি সমাস কাকে বলে? বহুবীহি সমাসের  
শ্রেণিবিভাগগুলি উদাহরণসহ আলোচনা করো।  $2+8=10$
-